


চট্টগ্রাম সোমবার ১০ জানুয়ারি ২০২২

# দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক পত্রিকা




রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৬তম বর্ষ ৩১৯তম সংখ্যা ।। ২৬ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ ।। ৬ জমাদিউস সানি ১৪৪৩ হিজরি ।। Monday 10 January 2022 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

*আইআইইউসি'র অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্দেশে ভূমিমন্ত্রী*

# দেশ কী দেবে সেই প্রশ্ন নয়, তুমি দেশকে কী দেবে মনে রাখতে হবে

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ এমপি বলেন, বিশাল অবকাঠামোসহ নয়নাভিরাম প্রাকৃতিক পরিবেশে প্রতিষ্ঠিত আইআইইউসি অন্য যেকোন বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে পৃথক বৈশিষ্ট্যমণ্ডিত। নতুন করে সাজানো গেলে বিশ্ববিদ্যালয়টিকে বিশ্বের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়ে পরিণত করা সময়ের ব্যাপার। গতকাল রবিবার আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) বসন্তকালীন সেমিস্টার ২০২২ এর ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি উপরোক্ত কথা বলেন। ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে তিনি বলেন, সবকিছুর উর্ধ্বে দেশের স্বার্থকে প্রাধান্য দিতে হবে। দেশকে ভালোবাসতে হবে। এটাও একটা ইবাদত। সবসময় দেশ ও জাতির জন্য ভালো কিছু করার মানসিকতা পোষণ করতে হবে। দেশ কী দেবে সেই প্রশ্ন না করে তুমি দেশকে কী দেবে সেটাই সবসময় মনে রাখতে হবে। তিনি বলেন, নতুন প্রজন্মের মাঝে দেশপ্রেম জাগ্রত করতে হলে দেশের স্বাধীনতার প্রকৃত ইতিহাস জানতে হবে। এতো রক্তের বন্যা ও মা বোনের ইজ্জতের বিনিময় স্বাধীনতা অর্জন বিশ্বে বিরল। আইআইইউসি'র ভাইস-চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের সভাপতিত্বে আইআইইউসি অডিটোরিয়ামে ওরিয়েন্টেশনের উদ্বোধন করেন

৪র্থ পৃষ্ঠার ৭ম ক.




*আইআইইউসি'র ওরিয়েন্টেশন অনুষ্ঠানে ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ এমপিকে ক্রেস্ট প্রদান করছেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি*

# দেশ কী দেবে সেই প্রশ্ন নয়

● ৮ম পৃষ্ঠার পর

আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজ (বিওটি) এর চেয়ারম্যান, সংসদ সদস্য প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী। বক্তব্য রাখেন আইআইইউসি'র বিওটি সদস্য খাদিজাতুল আনোয়ার সনি এমপি, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. মাছরুরুল মাওলা, আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী, রিজিয়া সুলতানা চৌধুরী, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির। উপস্থিত ছিলেন বিওটি'র সিনিয়র ভাইস চেয়ারম্যান ড. কাজী দ্বীন মুহাম্মদ, বিওটি চেয়ারম্যানের উপদেষ্টা প্রফেসর ড. শাহাদাত হোসাইন। স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসি'র রেজিস্ট্রার মুহাম্মদ শফীউর রহমান। উদ্বোধকের বক্তব্যে সাংসদ প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী বলেন, ১৯৯৫ সালে প্রতিষ্ঠালগ্ন থেকেই এই বিশ্ববিদ্যালয়ের সাথে ছিলাম। আরবি ভাষা ইনস্টিটিউট দিয়েই বিশ্ববিদ্যালয়ের যাত্রা। তাঁর প্রচেষ্টায় বিদেশি অর্থায়নে আইআইইউসি'র অবকাঠামোগত উন্নয়নের কথা তুলে ধরে তিনি বলেন, ২০০৮ সালের পর থেকে আইআইইউসি'র অবকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে বিরাজমান বন্ধ্যাত্ব কাটিয়ে ব্যাপক উন্নয়ন কার্যক্রম শুরু হয়েছে। বিগত বছরগুলোতে এই বিশ্ববিদ্যালয়ের সাথে সরকারের একটা দূরত্ব ছিল। এখন নবগঠিত একটি হাই প্রোফাইল ট্রাস্টি বোর্ড প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক আইআইইউসি'র সার্বিক উন্নয়নে কাজ কর যাচ্ছে।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokon, Date: 10 January 2022, Page: 8, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-01-10

রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতাঃ আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

কনফিডেন্স সিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

সোমবার | ১০ জানুয়ারি ২০২২ | www.edainikazadi.net রেজিঃ নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ১২৬ সংখ্যা | ২৬ পৌষ ১৪২৮ সাল | ৬ জমাদিউস সানি ১৪৪৩ হিজরি | ৮ পৃষ্ঠা | ৬ টাকা




*আইআইইউসির ওরিয়েন্টেশন অনুষ্ঠানে ভূমিমন্ত্রীকে ক্রেস্ট প্রদান করছেন প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি*

### ওরিয়েন্টেশন প্রোগ্রামে ভূমিমন্ত্রী

# আইআইইউসি অন্য যেকোনো বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে পৃথক বৈশিষ্ট্যমণ্ডিত

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) বসন্তকালীন সেমিস্টার ২০২২ এর ওরিয়েন্টেশন অনুষ্ঠানে ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ এমপি বলেন, বিশাল অবকাঠামোসহ নয়নাভিরাম প্রাকৃতিক পরিবেশে প্রতিষ্ঠিত আইআইইউসি অন্য যেকোনো বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে পৃথক বৈশিষ্ট্যমণ্ডিত। নতুন করে সাজানো গেলে বিশ্ববিদ্যালয়টিকে বিশ্বের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়ে পরিণত করা সময়ের ব্যাপার।

ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্য তিনি বলেন, সবকিছুর উর্ধ্বে দেশের স্বার্থকে প্রাধান্য দিতে হবে। দেশকে ভালোবাসতে হবে। এটাও একটা ইবাদত। সবসময় দেশ ও জাতির জন্য ভালো কিছু করার মানসিকতা পোষণ করতে হবে। দেশ কি দেবে সেই প্রশ্ন না করে তুমি দেশকে কি দেবে সেটাই সবসময় মনে রাখতে হবে। তিনি বলেন, নতুন প্রজন্মের মাঝে দেশপ্রেম জাগ্রত করতে হলে দেশের স্বাধীনতার প্রকৃত ইতিহাস জানতে হবে। এত রক্তের বন্যা ও মা-বোনের ইজ্জতের বিনিময় স্বাধীনতা অর্জন বিশ্বে বিরল। গতকাল রোববার সকাল ১১টায় আইআইইউসি অডিটোরিয়ামে অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। প্রোগ্রাম উদ্বোধন করেন আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের (বিওটি) চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। বক্তব্য রাখেন আইআইইউসির বিওটি সদস্য খাদিজাতুল আনোয়ার সনি এমপি, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. মাছরুরুল মাওলা, আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী, মিসেস রিজিয়া সুলতানা চৌধুরী, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির। উপস্থিত ছিলেন বিওটির সিনিয়র ভাইস চেয়ারম্যান ড. কাজী দ্বীন মুহাম্মদ, বিওটি চেয়ারম্যানের উপদেষ্টা প্রফেসর ড. শাহাদাত হোসাইন। স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসির রেজিস্ট্রার মুহাম্মদ শফীউর রহমান। উদ্বোধকের বক্তব্যে প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী বলেন, ১৯৯৫ সালে প্রতিষ্ঠালগ্ন থেকেই এই বিশ্ববিদ্যালয়ের সাথে ছিলাম। আরবী ভাষা ইনস্টিটিউট দিয়েই বিশ্ববিদ্যালয়ের যাত্রা। তার প্রচেষ্টায় বিদেশি অর্থায়নে আইআইইউসির অবকাঠামোগত উন্নয়নের কথা তুলে ধরে তিনি বলেন, ২০০৮ সালের পর থেকে আইআইইউসির অবকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে বিরাজমান বন্ধ্যাত্ব কাটিয়ে ব্যাপক উন্নয়ন কার্যক্রম শুরু হয়েছে। বিগত বছরগুলোতে এই বিশ্ববিদ্যালয়ের সাথে সরকারের একটা দূরত্ব ছিল। এখন নবগঠিত একটি হাই প্রোফাইল ট্রাস্টি বোর্ড প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক আইআইইউসির সার্বিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 10 January 2022, Page: 8, Col: 5
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-01-10

দ্বিতীয় সংস্করণ

# নয়া দিগন্ত

সোমবার
ঢাকা, ২৬ পৌষ ১৪২৮
১০ জানুয়ারি ২০২২
মূল্য ১০ টাকা

www.dailynayadiganta.com ▪ www.enayadiganta.com ▪ facebook.com/nayadiganta




## আইআইইউসির ওরিয়েন্টেশন প্রোগ্রামে ভূমিমন্ত্রী

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) বসন্তকালীন সেমিস্টার ২০২২ এর ওরিয়েন্টেশন গতকাল অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ এমপি বলেন, বিশাল অবকাঠামোসহ নয়নাভিরাম প্রাকৃতিক পরিবেশে প্রতিষ্ঠিত আইআইইউসি অন্য যেকোনো বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে পৃথক বৈশিষ্ট্যমণ্ডিত। নতুন করে সাজানো গেলে বিশ্ববিদ্যালয়টিকে বিশ্বের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়ে পরিণত করা সময়ের ব্যাপার। ছাত্রছাত্রীদের উদ্দেশে তিনি বলেন, সবকিছুর ■ ৪র্থ পৃ: ৪-এর কলামে

## আইআইইউসির ওরিয়েন্টেশন প্রোগ্রামে

*৩য় পৃষ্ঠার পর*

ঊর্ধ্বে দেশের স্বার্থকে প্রাধান্য দিতে হবে। দেশকে ভালোবাসতে হবে। এটাও একটা ইবাদত। সবসময় দেশ ও জাতির জন্য ভালো কিছু করার মানসিকতা পোষণ করতে হবে। দেশ কী দেবে সেই প্রশ্ন না করে তুমি দেশকে কি দেবে সেটাই সবসময় মনে রাখতে হবে।

আইআইইউসির ভিসি প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের সভাপতিত্বে আইআইইউসি অডিটোরিয়ামে ওরিয়েন্টেশনের উদ্বোধন করেন আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের (বিওটি) চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। বক্তব্য রাখেন আইআইইউসির বিওটি সদস্য খাদিজাতুল আনোয়ার সনি এমপি, প্রোভিসি প্রফেসর ড. মো: মাহফুজুল মাওলা, আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী, রিজিয়া সুলতানা চৌধুরী, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির। মঞ্চে উপস্থিত ছিলেন বিওটির সিনিয়র ভাইস চেয়ারম্যান ড. কাজী দ্বীন মুহাম্মদ, বিওটি চেয়ারম্যানের উপদেষ্টা প্রফেসর ড. শাহাদাত হোসাইন। স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসির রেজিস্ট্রার মুহাম্মদ শফীউর রহমান। উদ্বোধন বক্তব্যে প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী বলেন, ১৯৯৫ সালে প্রতিষ্ঠালগ্ন থেকেই এই বিশ্ববিদ্যালয়ের সাথে ছিলাম। আরবি ভাষা ইনস্টিটিউট দিয়েই বিশ্ববিদ্যালয়ের যাত্রা। বিদেশী অর্থায়নে আইআইইউসির অবকাঠামোগত উন্নয়নের কথা তুলে ধরে তিনি বলেন, ২০০৮ সালের পর থেকে আইআইইউসির অবকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে বিরাজমান বন্ধ্যাত্ব কাটিয়ে ব্যাপক উন্নয়নকার্যক্রম শুরু হয়েছে। মহামান্য রাষ্ট্রপতির উপস্থিতিতে শিগগিরই বিশ্ববিদ্যালয়ের ২৫ বছর পূর্তি ও কনভোকেশন আয়োজনের কথা উল্লেখ করে তিনি ওই অনুষ্ঠানে শতাধিক বিদেশী অতিথি অংশগ্রহণের আশাবাদ ব্যক্ত করেন। সভাপতির বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ বলেন, গুণগত দিক আইআইইউসি নিঃসন্দেহে আন্তর্জাতিক মানের একটি বিশ্ববিদ্যালয়। তিনি বলেন, আইআইইউসির শিক্ষার্থীদের মধ্যে বঙ্গবন্ধু এবং মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরার লক্ষ্যে মুজিব কর্নার স্থাপন এবং 'বঙ্গবন্ধু রিসার্চ সেন্টার ফর ইসলাম অ্যান্ড ইন্টাররিলিজিয়াস ডায়ালগ' নামে গবেষণা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করা হয়েছে। বিজ্ঞপ্তি।

Ref: Daily Nayadingnta, Date: 10 January 2022, Page: 3, Col: 1

http://www.enayadiganta.com/images/10_01_2022/regular_49763_news_1641747868.jpg

১০ বছরে
দৈনিক
# পূর্বদেশ
Dainik Purbodesh

সোমবার
চট্টগ্রাম
১০ জানুয়ারি ২০২২
২৬ পৌষ ১৪২৮
৬ জমাদিউস সানি ১৪৪৩
বর্ষ-১০, সংখ্যা-২৯



দেশে করোনা সংক্রমণ উদ্বেগজনক।

বাঁচতে হলে মাস্ক পরিধান করুন।

▶ শুভ সকাল
দক্ষ জনবল তৈরিতে ২৯৫ মিলিয়ন ডলার দেবে বিশ্বব্যাংক

▶ দশ কথার এক কথা
মামলাজট কমাতে যা প্রয়োজন তা-ই করবে সরকার: আইনমন্ত্রী

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৬ টাকা

▶ চট্টগ্রামে শনাক্ত ১,০২,০৮৪ মৃত্যু ১,৩৩৪

▶ শেষ পাতায়
'ছন্নছাড়া' পারফরম্যান্সে প্রথম দিন নিউজিল্যান্ডের



আইআইইউসি'র বসন্তকালীন সেমিস্টারের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ এমপি

## আইআইইউসি'র ওরিয়েন্টেশনে ভূমিমন্ত্রী
# বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা শেখ হাসিনার নেতৃত্বে দৃশ্যমান

সীতাকুণ্ড প্রতিনিধি

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অগ্রগতি কেউ থামিয়ে দিতে পারবে না, ইনশাআল্লাহ। দেশের সর্বক্ষেত্রে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আজ দৃশ্যমান।

তিনি বলেন, স্বাধীনতা বিরোধীরা এখনও স্বাধীন বাংলাদেশকে মেনে নিতে পারেনি। পঁচাত্তরে বঙ্গবন্ধু হত্যার পর তারা ভেবেছিল দেশ আবার পাকিস্তানিদের হাতে ফিরে যাবে। তখন অনেকে বলেছিলেন, স্বাধীন হলেও বাংলাদেশ বেশিদিন টিকবে না। কিন্তু তাদের সেই কথা আজ মিথ্যা প্রমাণ হয়েছে।

কোন প্রকার অপপ্রচারে কান না দেওয়ার আহ্বান জানিয়ে মন্ত্রী বলেন, বাংলাদেশকে গড়ে তুলতে বঙ্গবন্ধু একেবারে শূন্য থেকেই শুরু করেছিলেন। কিন্তু বঙ্গবন্ধুকে হত্যার পর সরকারগুলো লুটপাট করেছে। পরে আওয়ামী লীগ সরকার গঠন করলে শুরু হয় উন্নয়নের ধারা। আওয়ামী লীগ সরকারের গত ১৩ বছরে যে উন্নয়ন হয়েছে, তা অন্যকোন সরকার করতে পারেনি। শত ষড়যন্ত্রের মধ্যেও বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা দেশকে মুক্তিযুদ্ধের ধারা ও চেতনায় ফিরিয়ে আনতে সক্ষম হয়েছেন। সকল সূচকে বাংলাদেশের ঈর্ষণীয় সাফল্য বিশ্ববাসী অবাক বিস্ময়ে দেখছে। দেশে মানুষের ক্রয়ক্ষমতা বেড়েছে, রিজার্ভ বেড়েছে।

গতকাল রবিবার দুপুরে সীতাকুণ্ডের কুমিরায় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়-চট্টগ্রাম (আইআইইউসি) এর বসন্তকালীন সেমিস্টার ২০২২ এর ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

ভূমিমন্ত্রী জাবেদ বলেন, বিশাল অবকাঠামোসহ নয়নাভিরাম প্রাকৃতিক পরিবেশে আইআইইউসি অন্য যেকোন বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে পৃথক বৈশিষ্ট্যমণ্ডিত। নতুন করে সাজানো গেলে বিশ্ববিদ্যালয়টিকে বিশ্বের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়ে পরিণত করা সময়ের ব্যাপার। সরকার এবং আমার ব্যাক্তিগত পক্ষ থেকে এ বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে সর্বাত্মক সহযোগিতা থাকবে।

তিনি বলেন, বাংলাদেশ আওয়ামী লীগ সর্বদা ইসলামের পক্ষে। তবে ধর্মকে ব্যবহার করে অপরাজনীতি বন্ধ করতে হবে। বঙ্গবন্ধু ওআইসি'র উদ্যোক্তাদের অন্যতম ছিলেন। বঙ্গবন্ধু স্বপ্ন ● পৃষ্ঠা ৫, কলাম ৭.

Ref: Daily porbodesh, Date: 10 January 2022, Page: 5, Col: 7
https://epurbodesh.com/index.php?date=10-01-2022&page=8

চট্টগ্রাম • সোমবার • ১০ জানুয়ারি ২০২২ • ২৬ পৌষ ১৪২৮ • ৬ জমাদিউস সানি ১৪৪৩ | ৮ পৃষ্ঠা • মূল্য ৬ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৮ সংখ্যা ১৪৪ | suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH



মহানগর
গণিতের শিক্ষার্থীরা দেশের সম্পদ ৪

সংবাদ ৫
২৪৯১ কোটি টাকার অনুমোদন প্রধানমন্ত্রীর উপহার : সুজন



বিশেষ ক্রোড়পত্র ৩
বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস

বিনোদন
৬ 'খুব খারাপ সময় কাটাচ্ছি'



### আইআইইউসি'র ওরিয়েন্টেশন প্রোগ্রাম

# স্বাধীনতার প্রকৃত ইতিহাস জানতে হবে : ভূমিমন্ত্রী

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ বলেন, বিশাল অবকাঠামোসহ নয়নাভিরাম প্রাকৃতিক পরিবেশে প্রতিষ্ঠিত আইআইইউসি অন্য যেকোন বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে পৃথক বৈশিষ্ট্যমণ্ডিত। নতুন করে সাজানো গেলে বিশ্ববিদ্যালয়টিকে বিশ্বের অন্যতম সেরা প্রতিষ্ঠানে পরিণত করা সময়ের ব্যাপার। তিনি গতকাল রোববার সকাল ১১টায় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বসন্তকালীন সেমিস্টার ২০২২ এর ওরিয়েন্টেশন অনুষ্ঠানে এ কথা বলেন।

ছাত্র-ছাত্রীদের উদ্দেশে ভূমিমন্ত্রী আরও বলেন, সবকিছুর উর্ধ্বে দেশের স্বার্থকে প্রাধান্য দিতে হবে। দেশকে ভালোবাসতে হবে। এটাও একটা ইবাদত। সবসময় দেশ ও জাতির জন্য ভালো কিছু করার মানসিকতা পোষণ করতে হবে। দেশ কি দেবে সেই প্রশ্ন না করে নিজে দেশকে কি দেবে সেটাই সবসময় মনে রাখতে হবে। তিনি বলেন, নতুন প্রজন্মের মাঝে দেশপ্রেম জাগ্রত করতে হলে দেশের স্বাধীনতার প্রকৃত ইতিহাস জানতে হবে। তিনি বলেন, বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার পর ► *৭ম পৃষ্ঠার ৫ম কলাম*




আইআইইউসি'র ওরিয়েন্টেশন অনুষ্ঠানে বক্তব্য রাখেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ

# স্বাধীনতার প্রকৃত ইতিহাস

▶ *শেষ পৃষ্ঠার পর*

সুপরিকল্পিতভাবে ইতিহাস বিকৃতি করা হয়েছিল। পূর্বের সিলেবাস পড়ে কেউই মুক্তিযুদ্ধের ইতিহাস জানতে পারেনি। স্বাধীনতাবিরোধী চক্র বঙ্গবন্ধু সম্পর্কে মিথ্যা তথ্য দিয়ে, ইতিহাস বিকৃতি করে কোমলমতি শিক্ষার্থীদেরকে ভুল বুঝিয়ে বিপথগামী করেছে বছরের পর বছর।

ভূমিমন্ত্রী ইসলামকে একটি সর্বজনীন সহনশীল ধর্ম হিসেবে আখ্যায়িত করে বলেন, বাংলাদেশ আওয়ামী লীগ কখনো ইসলামবিরোধী ছিল না, বরাবরই ইসলামের পক্ষেই ছিল। ধর্মকে ব্যবহার করে অপরাজনীতি করা হয়েছে, তা বন্ধ করতে হবে।

আইআইইউসি'র ভাইস-চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের সভাপতিত্বে আইআইইউসি অডিটোরিয়ামে ওরিয়েন্টেশনের উদ্বোধন করেন বোর্ড অব ট্রাস্টিজ (বিওটি) এর চেয়ারম্যান, সংসদ সদস্য ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী। বক্তব্য রাখেন আইআইইউসির বিওটি সদস্য খাদিজাতুল আনোয়ার সনি এমপি, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. মাছরুরুল মাওলা, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী, রিজিয়া সুলতানা চৌধুরী, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির। স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসি'র রেজিস্ট্রার মুহাম্মদ শফীউর রহমান। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat, Date: 10 January 2022, Page: 8, Col: 3
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-01-10